তারিখ 11 DEC 1990
পৃষ্ঠা ৮ কলাম ৮

31

দৈনিক সংবাদ

## আগামী বছরের এসএসসি ও এইচএসসি পরীক্ষার সময়সূচী

১৯৯১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা আগামী ২রা মে এবং ১৮ই মে'র মধ্যে অনুষ্ঠিত হবে। এদিকে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা (এইচএসসি) আগামী ৩০শে জুন হতে ২৫শে জুলাই তারিখে অনুষ্ঠিত হবে।

১৯৯১ সালের দাখিল পরীক্ষা আগামী ২১শে এপ্রিল থেকে ৩০শে এপ্রিল অনুষ্ঠিত হবে। ১৯৯১ সালের ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা ৭ই জুলাই এবং ২৫শে জুলাইয়ের মধ্যে অনুষ্ঠিত হবে। এদিকে আলিম, ফাজিল ও কামিল পরীক্ষা আগামী ৩০শে মে

(৭-এর পাতায় দেখুন)

## পরীক্ষার সময়সূচী

(১ম পাতার পর)

থেকে ১৯শে জুন পর্যন্ত অনুষ্ঠিত হবে। ১৯৮৮ সালের প্রকৌশল ডিপ্লোমা (প্রথম পর্ব) আগামী ২৩শে ডিসেম্বর থেকে আগামী ১০ই জানুয়ারী পর্যন্ত অনুষ্ঠিত হবে। খবর তথ্য বিবরণীর।